গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারী কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
ফোন : ০২৩৩৪৪-৭৪০৪৯ Email:fenigovcollege@yahoo.com
Website: www.fgc.gov.bd

স্মারক নং-ফেসক/বিজ্ঞপ্তি/ ২০২৬/২৫৭ তারিখ : ২৭/০৮/২০২৬ খ্রি.

# ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন ও ভর্তি কার্যক্রম সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, সরকারি কলেজ - ১ শাখা এর "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা" মোতাবেক ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ফেনী সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন ও ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সূচি মোতাবেক সম্পন্ন করা হবে।

১। আবেদনের যোগ্যতা নিম্নরূপ :

| বিভাগ | জি.পি.এ |
|---|---|
| বিজ্ঞান | ৪.৭৫ |
| ব্যবসায় শিক্ষা | ৪.০০ |
| মানবিক | ৩.৫০ |

২। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন :

২.১ যে কোন শিক্ষাবর্ষে এস.এস.সি/সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের সাল এবং ধারাবাহিকভাবে পূর্ববর্তী দুই সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/ সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তির যোগ্য বিবেচিত হবে্

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরুপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর উপনীতি (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে :

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যেকোন একটি এবং ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যেকোন একটি

২.৩.৫ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

২.৩.৬ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যেকোন বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু :-

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ<br>(পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | তারিখ ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ০২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ০৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬(শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ০৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৭/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ০৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন<br>(শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৯/০৯/২০২৬ (শনিবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ০৬ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ০৭ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

**** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য :

১। কোটা নির্বাচনের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে। কোটার স্বপক্ষে যথাযথ কাগজপত্র না থাকলে কোটায় আবেদন করা যাবে না। কোটায় ভর্তির স্বপক্ষে যথাযথ কাগজপত্র বোর্ডে প্রেরণ করার পর কোন শিক্ষার্থী যদি ভুল বা অসত্য কাগজপত্র জমা দেয় তাহলে তার ভর্তি বাতিল বা জটিলতা সৃষ্টি হলে শিক্ষার্থীর বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। শিক্ষা কোটায় ভর্তির ক্ষেত্রে ভর্তির নীতিমালা ২০২৬ এর তফসিল " চ " এ বর্ণিত দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে।

৩। **বিজ্ঞান গ্রুপ থেকে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে কোন শিক্ষার্থী মানবিক বা ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তি হলে পুনরায় বিজ্ঞান বিভাগে বিভাগ পরিবর্তন করতে পারবে না।**

৪.০ অনলাইন আবেদন :

অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা : www.xiclassadmission.gov.bd শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/-(দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

*** ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে অবশ্যই ৩৪০/- (তিনশত চল্লিশ) টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির নিশ্চায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নিশ্চায়ন ফি জমা না দিলে নির্বাচনটি বাতিল হয়ে যাবে।

**** **ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা দিতে হবে।**

**বিশেষ দ্রষ্টব্য : বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ও কলেজ সেশন ফি পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

২৭.০৮.২৬
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী
প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী।

২৭.০৮.২০২৬
আহ্বায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি
শিক্ষাবর্ষ-২০২৬-২০২৭
ফেনী সরকারি কলেজ,ফেনী